# সহীহ ফিক্বহুস সুন্নাহ

বিভাগ/অধ্যায়ঃ ত্বহারাত অধ্যায়

রচয়িতা/সঙ্কলকঃ আবূ মালিক কামাল বিন আস-সাইয়্যিদ সালিম

এমন হিংস্র প্রাণী ও চতুষ্পদ জন্তুর উচ্ছিষ্ট যাদের গোশত খাওয়া জায়েয নয়

سؤر এর পরিচয়:

পান করার পর পাত্রে যে অবশিষ্ট অংশ থাকে তাকে سؤر (উচ্ছিষ্ট) বলে। মহানাবী (ﷺ) এর বাণীর মাধ্যমে এটি নাপাক হওয়ার প্রমাণ বহন করে।

একদা রাসুলুল্লাহ (ﷺ) কে এমন পানি সম্পর্কে জিজ্ঞেস করা হলো, যা বিরান ভূমিতে থাকে এবং যেখানে চতুষ্পদ জন্তু ও হিংস্র প্রাণী তা পান করার জন্য পুনঃপুন আগমন করে এবং তা যথেচ্ছা ব্যবহার করে। সে পানির হুকুম কি? তিনি বলেন:

« إِذَا كَانَ الْمَاءُ قُلَّتَيْنِ لَمْ يَحْمِلِ الْخَبَثَ»

যখন উক্ত পানি দুই কুল্লা (মটকা) পরিমাণ হবে, তখন তা অপবিত্র হবে না ।[1]

আর বিড়াল বা তদনিম্ন প্রাণীর উচ্ছিষ্ট পবিত্র। রাসূল (ﷺ) বলেন: বিড়ালের উচ্ছিষ্ট নাপাক নয়। কেননা এগুলো তোমাদের আশে-পাশেই ঘোরা-ফিরা করে।[2]

## ফুটনোট

[1] সহীহ; আবুদাউদ (৬৩), নাসাঈ (১/৪৬), তিরমিযী (৬৭); এটা সহীহ, যেমনটি সহীহুল জামেতে বর্ণিত (৭৫৮)।

[2] সহীহ; আহমাদ (৫/৩০৩) এবং আসহাবে সুনান, ইরওয়া (১৭৩)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3136

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন